# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৭০৩

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির সূচনা ও নবী-রাসূলদের আলোচনা

الفصل الاول (بَاب بدءالخلق وَذِكْرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ الصَّلَاةُ وَالسَّلَامُ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اخْتَتَنَ إِبْرَاهِيمُ النَّبِيُّ وَهُوَ ابْنُ ثَمَانِينَ سَنَةً بِالْقَدُومِ» . مُتَّفق عَلَيْهِ

متفق علیہ ، رواہ البخاری (3356) و مسلم (151 / 2370)، (6141) ـ
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৭০৩-[৬] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: ইবরাহীম আলায়হিস সালাম স্বয়ং স্বীয় হাতে নিজের খৎনা করেছেন ’কদূম’ দ্বারা এবং তখন তার বয়স ছিল আশি বছর। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহঃ বুখারী ৩৩৫৬, মুসলিম ১৫১-(২৩৭০), সহীহুল জামি ২২১, মা'রিফাতুস সুনান ওয়াল আসার ৫৪৯৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৮০২৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বর্ণিত হাদীস থেকে খতনার গুরুত্ব এবং তা ইবরাহীম আলায়হিস সালাম থেকে শুরু হয়েছে মর্মে প্রমাণ পাওয়া যায়। কেননা এর পূর্ব থেকে এই সুন্নাতের নির্দেশ থাকলে ইবরাহীম আলায়হিস সালাম ছোট বেলায়ই খতনা করতেন।
ইমাম মালিক (রহিমাহুল্লাহ) তার মুয়াত্ত্বায় সা'ঈদ ইবনুল মুসাইয়্যাব থেকে এ ব্যাপারে একটি আসার বর্ণনা

করেছেন। আসারটিতে রয়েছে- (كَانَ إِبْرَاهِيمُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَوَّلَ النَّاسِ ضَيَّفَ الضَّيْفَ وَأَوَّلَ النَّاسِ اخْتَتَنَ)।“ইবরাহীম আলায়হিস সালাম যিনি সর্বপ্রথম মেহমানের মেহমানদারী করেন এবং তিনি সর্বপ্রথম খতনা করেন।”

(মুয়াত্তা মালিক- অধ্যায়: স্বভাবজাত সুন্নাতের বিবরণ, হা. ৩৪০৮) ইবরাহীম আলায়হিস সালাম -কে যখন এই খতনার নির্দেশ দেয়া হয় তখন তাঁর বয়স আশি বছর হয়েছে বলে হাদীসটিতে বর্ণিত হয়েছে। কোন কোন বর্ণনায় একশত বিশ বছরের কথা বলা হয়েছে। তবে আশি বছরের বর্ণনাই অধিক বিশুদ্ধ।(قَدُومِ) শব্দটি ‘দাল’ অক্ষরে তাশদীদ এবং তাশদীদ ছাড়া দু'ভাবে উচ্চারিত হয়। যার অর্থ: কুড়াল। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85679

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন